



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

আদেশ

তারিখঃ ২৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।


বিষয়ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং- ২০৭-আইন/২০১৮/৮১০-মুসক, তারিখঃ ২৮ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ এর আওতায় পণ্য ও কৌচামাল আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে এবং উক্ত পণ্য ও কৌচামাল দ্বারা উৎপাদিত মোটরসাইকেল স্থানীয় সরবরাহ পর্যায়ে উহাদের উপর আরোপনীয় সমুদয় মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান।

- সূত্রঃ (১) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ২০৭-আইন/২০১৮/৮১০-মুসক, তারিখ: ২৮ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ।
(২) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৮.১৮.০১১.১৮/২১৪, তারিখঃ ১৪ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ।
(৩) এইচএমসিএল নিলয় বাংলাদেশ লিঃ এর পত্র নং- এইচএনবিএল/ঢাকা/এনবিআর/২০১৮, তারিখ: ২১ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ।
(৪) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৫৫-আইন/২০১৭/৪১/কাস্টমস, তারিখ: ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত (৩) নং পত্রের মাধ্যমে মেসার্স এইচএমসিএল নিলয় বাংলাদেশ লিমিটেড, পদ্মবিলা, শাখারীঘাতি, কোতোয়ালী, যশোর (মুসক নিবন্ধন নং- ১৪০১১১৩৪৭৩৩, ই-বিন নং- ০০০৪৭৬৯৭২) এর আবেদনের প্রেক্ষিতে (৯) নং সূত্রে বর্ণিত প্রজ্ঞাপনে বিধৃত শর্তাবলী পরিপালিত হওয়ায় উক্ত প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত মোটরসাইকেল এর স্থানীয় উৎপাদন পর্যায়ে এবং উৎপাদনে ব্যবহার্য সূত্রোক্ত (৪) নং প্রজ্ঞাপনে বর্ণিত TABLE-I ও TABLE-II ভুক্ত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণসমূহ আমদানির ক্ষেত্রে সূত্রোক্ত (১) নং প্রজ্ঞাপনের আওতায় উহাদের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হলো।

০২। আলোচ্য প্রতিষ্ঠান অব্যাহতি সুবিধাপ্রাপ্ত উপকরণ ব্যবহার করে উৎপাদিত সকল পণ্যের মূল্য সংযোজনের হার ন্যূনতম ৩০ (ত্রিশ) শতাংশ নিশ্চিত করতে হবে এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর দফা (ক) অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত নেয়া যাবে না। এছাড়া, উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩১, ৩২, ৩৫ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা পরিপালন করাসহ প্রজ্ঞাপন এস.আর.ও নং- ২০৭-আইন/২০১৮/৮১০-মুসক, তারিখ: ২৮ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ এর সকল শর্তাবলী পরিপালন করতে হবে।

০৩। সূত্রোক্ত (১) নং এ বর্ণিত প্রজ্ঞাপনের যেকোন শর্ত লংঘিত হলে, জাতীয় রাজস্ব বোর্ড অব্যাহতি সুবিধা তাৎক্ষণিক বাতিল করতে পারবে। এই অব্যাহতি প্রদান সত্ত্বেও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর অধীন অন্যান্য পরিপালনযোগ্য সকল কার্যক্রম যথারীতি পরিপালন করতে হবে।



[হাছান মুহম্মদ তারেক রিকাবদার]

প্রথম সচিব (মুসক নীতি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ২৩১

প্রাপকঃ ব্যবস্থাপনা পরিচালক

মেসার্স এইচএমসিএল নিলয় বাংলাদেশ লিমিটেড
পদ্মবিলা, শাখারীঘাতি,
কোতোয়ালী, যশোর।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১৮.০১১.১৮/ ২১৬ (৬)

তারিখঃ ২৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/রাজশাহী/রংপুর/যশোর/সিলেট/
বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ১৩-১৮। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মংলা/বেনাপোল/পানগাঁও/আইসিডি-কমলাপুর, ঢাকা।
- ১৯-২০। মহা-পরিচালক, মুসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুদ্ধ গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ২১। মহাপরিচালক, শুদ্ধ, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চট্টগ্রাম সমিতি ভবন, ৩২, তোপখানা রোড, ঢাকা।
- ২২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [তাঁকে উক্ত আদেশের আলোকে আলোচ্য অব্যাহতি সুবিধা সংশ্লিষ্ট পণ্য উৎপাদনে ব্যবহৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে মূল্য সংযোজন কর অব্যাহতি ভোগ করার লক্ষ্যে প্রয়োজনীয় CPC Code নির্ধারণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]।
- ২৩। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, যশোর বিভাগ, যশোর। (প্রজ্ঞাপনের শর্তাদি যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কি-না তা নিয়মিত যাচাই, নিয়মিত মনিটরিং এবং কোনো অনিয়ম পরিলক্ষিত হলে জাতীয় রাজস্ব বোর্ডের নজরে আনার জন্য বলা হলো)।
- ২৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।